

India declares one-day national mourning on demise of President of the UAE and Ruler of Abu Dhabi

May 13, 2022

সংযুক্ত আরব আমির শাহীর প্রেসিডেন্ট এবং আবু ধাবির শাসকের প্রয়াণে ভারতে একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা
মে 13, 2022

সংযুক্ত আরব আমির শাহীর প্রেসিডেন্ট এবং আবু ধাবির শাসক হিজ হাইনেস শেখ খালিফা আল নাহয়ানের প্রয়াণে ভারত সরকার আগামীকাল, 14ই মে 2022 তারিখে একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে। সারা ভারতে যে সব সরকারি ভবনে নিয়মিত জাতীয় পতাকা উত্তোলিত থাকে সেই সকল ভবনের জাতীয় পতাকা শোক দিবসে অর্ধনমিত থাকবে এবং এই দিনে কোনোরকমের সরকারি আনন্দানুষ্ঠানের আয়োজন করা হবে না।

হিজ হাইনেস শেখ খালিফা আল নাহয়ানের প্রয়াণে ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শোকবার্তাও জ্ঞাপন করেছেন। তাদের শোকবার্তায় তাঁরা তাকে একজন দক্ষ রাজনীতিবিদ এবং দূরদৃষ্টি সম্পন্ন নেতা হিসেবে উল্লেখ করছেন। ভারত-ইউএই দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করা ও ইউএইতে ভারতীয় সম্প্রদায়ের মানুষদের কল্যাণে তাঁর অবদানের কথা তাঁরা স্মরণ করেছেন।

নিউ দিল্লি

মে 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.